# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 13 May, 2025

চোখের অপারেশন করাতে থাইল্যান্ডের রাজধানী ব্যাংকক গিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার (১২ মে) দিবাগত রাত ২টা ৪৫ মিনিটে থাই এয়ারওয়েজের একটি ফ্লাইটে তিনি ঢাকা ছাড়েন।তার সঙ্গে আছেন স্ত্রী রাহাত আরা বেগম।

বিএনপির মিডিয়া সেলের অন্যতম সদস্য শায়রুল কবির খান জানান, থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের রুটনিন আই হাসপাতালে চিকিৎসা করানোর কথা রয়েছে বিএনপির মহাসচিবের।

তিনি আরও জানান, ইউনাইটেড হাসপাতালের চিকিৎসকের পরামর্শ অনুযায়ী থাইল্যান্ড গিয়েছেন মির্জা ফখরুল ইসলাম।

চোখ বিএনপি মির্জা ফখরুল ইসলাম আলমগীর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:43

URL: https://timestodaybd.com/politics/3888902393